# মডিউল-১৫

**কোর্সকোড- BENG-H-CC-T-2**

**কোর্স নাম -কোর্স নাম : বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব (দ্বিতীয় ভাগ)**


**মিলন মণ্ডল**

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

এস. আর. ফতেপুরিয়া কলেজ, বেলডাঙ্গা


## পর্ব-৩: ‘কামরূপী উপভাষা’

**বিন্যাস ক্রম -**


**১৫.১-উদ্দেশ্য**

**১৫.২- প্রস্তাবনা**

**১৫.৩-কামরূপী উপভাষার বৈশিষ্ট্য।**

**১৫.৪-সহায়ক গ্রন্থাবলী।**

**১৫.৫- আদর্শ প্রশ্নাবলী।**

**১৫.৬-উত্তর সংকেত।**


### ১৫.১-উদ্দেশ্য

- কামরূপী উপভাষা ও তার এলাকা এবং এই উপভাষার বৈশিষ্ট্য সম্পর্কে অবগত হবে।

### ১৫.২- প্রস্তাবনা

কামরূপী উপভাষা প্রধানত পশ্চিমবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহার এবং পূর্ব বঙ্গের শ্রীহট্ট, কাছাড়, রঙপুর ও ত্রিপুরা অঞ্চলে প্রচলিত। এই ভাষাকে অনেকে ‘রাজবংশী’ ভাষাও বলে থাকেন। এই উপভাষা বরেন্দ্রী ও বঙ্গালীর মিশ্রণে গড়ে উঠেছে। কামরূপী অঞ্চলে নিকটবর্তী হওয়ায় একে কামরূপ উপভাষা বলা হয়ে থাকে।

### ১৫.৩- কামরূপী উপভাষার বৈশিষ্ট্য:

(ক) ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য:

১. কামরূপী উপভাষায় বরেন্দ্রীর মতো অপিনিহিতি আছে,তবে তুলনায় কম। যথা: আজি > আইজ ।

২. কামরূপী উপভাষায় বঙ্গালীর মতোই ‘র’ এবং ‘ড়’- এর বিপর্যয় ঘটে। যেমন: শাড়ী পরে বাড়ি যাব।> সারি পইর্যা  বারি যামু ।

৩. কামরূপী উপভাষাতে অনেক সময় ‘ন’ ও ‘ল’- এর বিপর্যয় ঘটেছে । যেমন: লাঙ্গল >নাঙ্গল, লাল>নাল।

৪. কামরূপী উপভাষায় শ, ষ , স সবই ‘শ’ উচ্চারিত হয়।

৫. কামরূপীতে শব্দের ‘অ’ শ্বাসাঘাতের জন্য ‘আ’ উচ্চারিত হয়। যেমন: অতি > আতি, কথাগ্নকাথা।

৬. কামরূপীতে কখনো কখনো ‘ও’ > ‘উ’ হয়। যেমন: কোন> কুন, বন>বুন।

৭. কামরূপী উপভাষায় অনেক সময় স্বরধ্বনিতে অনুনাসিকতা দেখা যায়। যেমন: উহা > উঁয়া।

**(খ) রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য:**

১. কামরূপী উপভাষাতে মুখ্যকর্মে ও গৌণকর্মে ‘ক’ বিভক্তি যোগ হয় । যেমন: আমাকে ভাত দাও > হামাক বাত দ্যাও।

২. কামরূপী উপভাষাতে অধিকরণে ‘ত’ এবং অপাদানে ‘থাকি’ অনুসর্গ যোগ হয়। যেমন: ‘ঘরত যামু’ ।

৩. কামরূপী উপভাষাতে পুরুষভেদে সর্বনামের নিম্নোক্ত রূপ লক্ষ্য করি:

(ক) উত্তম পুরুষে ‘মুই’- আমরা।

(খ) মধ্যম পুরুষে ‘তুই’- তোমরা।

৪. কামরূপী উপভাষাতে মধ্যম পুরুষের অতীতকাল ও ভবিষ্যৎকালে ‘উ’ বিভক্তি যোগ হয়। যেমন: ‘তুই করলু’ , ‘ তুই করবু’ ।

৫. কামরূপী উপভাষাতে ‘ই’ প্রত্যয় দেখিয়ে অসমাপিকা ক্রিয়া গঠিত হয়। যেমন: দেখি, পাই।

৬. কামরূপীতে ক্রিয়াপদের পূর্বে নঞ অর্থক উপসর্গের ব্যবহার দেখা যায়। যেমন: ‘না লেখিম’।

## ১৫.৪ . সহায়ক গ্রন্থাবলী:

ক. সুনিতিকুমার চট্টোপাধ্যায়: ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ

খ. সুকুমার সেন: ভাষার ইতিবৃত্ত

গ. ড. রামেশ্বর শ: সাধারণ ভাষা বিজ্ঞান ও বাংলা ভাষা

ঘ. সুখেন বিশ্বাসঃ প্রসঙ্গ বাংলা ভাষা (১ম ও ২য় খণ্ড)

## ১৫.৫. আদর্শ প্রশ্নাবলী:

ক. কামরূপী উপভাষা বলতে কি বোঝ? এই উপভাষার এলাকা গুলি উল্লেখকরে ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

## ১৫.৬. উত্তর সংকেত

ক. ১৫.২ অংশ দেখুন।